

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম

নং- ২১৬

তারিখঃ ২৫/০৭/২০১৮

বিজ্ঞপ্তি


অত্র কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের আগামী ২৬/০৭/২০১৮ তারিখ হতে ০১/০৮/২০১৮ তারিখ পর্যন্ত উপবৃত্তির ফরম সংগ্রহ করে আবেদন ফরম স্বহস্তে পূরণ করে নিম্নোক্ত শর্তসাপেক্ষে কলেজ লাইব্রেরি কক্ষে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে এবং আবেদনকারী শিক্ষার্থীদের সাক্ষাতকার ০২/০৮/২০১৮ তারিখ দুপুর ১২:০০ টায় অনুষ্ঠিত হবে কলেজ লাইব্রেরি কক্ষে।

(ক) শর্তাবলী :

- ১। উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণির নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ২। উচ্চ মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করা পর্যন্ত অবিবাহিত থাকা।
- ৩। প্রতি শিক্ষাবর্ষে ন্যূনতম ৭৫% ক্লাসে উপস্থিত থাকতে হবে।
- ৪। অভিভাবক/পিতা মাতার বাৎসরিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম হওয়া।
- ৫। অভিভাবক/ পিতা মাতার জমির পরিমাণ মেট্রো এলাকায় ৫ শতাংশ, সিটি কর্পোরেশন ও পৌর এলাকায় ১০ শতাংশ, অন্যান্য এলাকায় ৭৫ শতাংশের বেশি হবে না।
- ৬। প্রতিবন্ধি শিক্ষার্থী, এতিম, অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান, নদী ভাঙ্গণ কবলিত পরিবারের সন্তান এবং দুঃস্থ পরিবারের সন্তানগণ উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

(খ) প্রয়োজনীয় কাগজপত্রাদি :

- ১। পূরণকৃত আবেদন ফরম।
- ২। অভিভাবকের বার্ষিক আয়, জমির পরিমাণ ও শিক্ষার্থীর বৈবাহিক অবস্থা সম্পর্কিত প্রত্যয়নপত্র।
- ৩। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
- ৪। ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।


২৫/০৭/১৮
অধ্যক্ষ

সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম
২৫.০৭.১৮